

আজ বিমানের ৫৩ তম প্রতিষ্ঠাবার্ষিকী

- A Monitor Desk Report

Date: 04 January, 2025



ঢাকাঃ আজ (৪ জানুয়ারি) প্রতিষ্ঠার ৫৩ বছর পার করেছে রাষ্ট্রীয় পতাকাবাহী উড়োজাহাজ প্রতিষ্ঠান- বিমান বাংলাদেশ এয়ারলাইন্স।

প্রতিষ্ঠাবার্ষিকী উপলক্ষ্যে প্রধান কার্যালয় বলাকায় মহান মুক্তিযুদ্ধের শহিদ স্মৃতিস্তম্ভে পুষ্পস্তবক অর্পনের মাধ্যমে বীর শহিদদের প্রতি গভীর শ্রদ্ধা জানানো হয়।

এসময় উপস্থিত ছিলেন বিমান পরিচালনা পর্ষদের চেয়ারম্যান জনাব আব্দুল মুয়ীদ চৌধুরী, বিমান বাংলাদেশ এয়ারলাইন্স এর ব্যবস্থাপনা পরিচালক ও সিইও ড. মোঃ সাফিকুর রহমান, পরিচালকবৃন্দ, বিমান কেন্দ্রিক বিভিন্ন ইউনিয়ন-এসোসিয়েশনের নেতৃবৃন্দ সহ বিমান এর সকল স্তরের কর্মকর্তা-কর্মচারীবৃন্দ।



Biman
BANGLADESH AIRLINES

৫৩তম প্রতিষ্ঠাবার্ষিকী উপলক্ষে বলাকায় আনুষ্ঠানিকভাবে জাতীয় পতাকা উত্তোলন ও জাতীয় সঙ্গীত বাজানো হয় এবং বিমান এর উত্তরোত্তর সমৃদ্ধি ও অগ্রগতি কামনায় মোনাজাত করা হয়।

প্রতিষ্ঠাবার্ষিকী উপলক্ষে বলাকায় আলোকসজ্জা করা হয় এবং বলাকা লবিতে কেক কেটে প্রতিষ্ঠাবার্ষিকী উদযাপন করা হয়।

এছাড়াও ৪ জানুয়ারি বিমান এর প্রতিটি ফ্লাইটে প্রতিষ্ঠাবার্ষিকীর ঘোষণা প্রচার করা হয় এবং ঢাকা থেকে ছেড়ে যাওয়া সকল ফ্লাইটের যাত্রীবৃন্দের মাঝে শুভেচ্ছা উপহার বিতরণ করা হয়।

-B